[redacted]

[redacted]

দলের মধ্যে একজন অবিশ্বাস্য ব্যক্তিত্বও ছিলেন। সে একজন জাত নেতা, অত্যন্ত জনপ্রিয় খেলোয়াড় এবং একজন মহান মানুষ। তার ওয়ানডে ক্যারিয়ার এবং সমস্ত অর্জনের জন্য তাকে অভিনন্দন জানানো উচিত।‘

স্টয়নিস ২০১৭ সালে ইডেন পার্কে নিউজিল্যান্ডের বিপক্ষে ১১৭ বলে ১৪৬ রানের একটি অবিস্মরণীয় ইনিংস খেলেন, যা তাকে সাদা বলের ক্রিকেটে এক অসাধারণ একজন হিসেবে পরিচয় করিয়ে দেয়। তিনি ৭৪ ওয়ানডেতে ১৪৯৫ রান করেছেন ৯৩.৯৬ স্ট্রাইক রেটে এবং ৪৮ উইকেট নিয়েছেন ৪৩.১২ গড়ে। তিনি ২০১৯ ও ২০২৩ সালে অস্ট্রেলিয়ার ওয়ানডে বিশ্বকাপ স্কোয়াডের অংশ ছিলেন।

সূত্র: যুগান্তর

পাঁচ দিনের ক্যাম্প শেষে দুবাই যাবেন টাইগাররা

বিপিএলের মধ্যেই বেজে উঠেছে বৈশ্বিক টুর্নামেন্ট চ্যাম্পিয়নস ট্রফির দামামা। অবশ্য বাংলাদেশের ফ্রাঞ্চাইজি টুর্নামেন্টটি শেষ হতে বাকি মাত্র কয়েক দিন। এর পরই শুরু হবে জাতীয় দলের ব্যস্ততা। চ্যাম্পিয়নস ট্রফির জন্য মিরপুরে টাইগারদের ক্যাম্প শুরু হবে আগামী ৮ ফেব্রুয়ারি থেকে।

সবকিছু ঠিক থাকলে ৭ ফেব্রুয়ারি হবে বিপিএলের ফাইনাল ম্যাচ; অর্থাৎ তার পরের দিনই শুরু জাতীয় দলের ক্যাম্প। সেটি চলবে ১২ ফেব্রুয়ারি পর্যন্ত। এরপর ১৩ ফেব্রুয়ারি দিবাগত রাতে দুবাইয়ের উদ্দেশে উড়াল দেবেন নাজমুল হোসেন শান্তরা। দুবাইয়ে পৌঁছে একটি প্রস্তুতি ম্যাচ খেলারও কথা রয়েছে শান্তদের।

আগামী ২০ ফেব্রুয়ারি বিকাল ৩টায় ভারতের বিপক্ষে নিজেদের প্রথম ম্যাচে মাঠে নামবে বাংলাদেশ। এরপর সংযুক্ত আরব আমিরাত ছেড়ে টাইগার বাহিনী যাবে পাকিস্তানের রাওয়ালপিন্ডিতে। সেখানে ২৪ ফেব্রুয়ারি নিউজিল্যান্ড ও ২৭ ফেব্রুয়ারি পাকিস্তানকে মোকাবিলা করবে লাল-সবুজের প্রতিনিধিরা। সবশেষ ২০১৭ সালে চ্যাম্পিয়নস

ট্রফির সেমিফাইনাল খেলেছিল বাংলাদেশ। আইসিসির যে কোনো টুর্নামেন্টে সেটিই দলটির সর্বোচ্চ সাফল্য। এবার সেটি ছাড়িয়ে যাওয়া সম্ভব হয় কি না, তা সময়ই বলে দেবে।

বিসিবির ক্রিকেট অপারেশন্স বিভাগের ইনচার্জ শাহরিয়ার নাফিস বলেছেন, ক্যাম্প চলাকালে পাঁচদিনের মধ্যে চাইলে বিরতি নেওয়া যাবে।

সূত্র: ইত্তেফাক

এএফসি চ্যাম্পিয়নস লিগে জোড়া গোল রোনালদোর

আগামীকাল বুধবার ৩৯ পেরিয়ে ৪০ ছোঁবেন ক্রিস্টিয়ানো রোনালদো। জন্মদিন উদ্যাপনের সোমবার (০৪ ফেব্রুয়ারি) রাতে শেষ ম্যাচ খেলতে নেমেছিলেন পর্তুগিজ মহাতারকা।

এএফসি চ্যাম্পিয়নস লিগের সেই ম্যাচে আল নাসরের হয়ে জোড়া গোল করে নিজেকে যেন জন্মদিনের উপহারই দিলেন রোনালদো। রোনালদোর জোড়া গোলের রাতে আল ওয়াসলের বিপক্ষে আল নাসর জিতেছে ৪-০ গোলে।

এদিন আল ওয়াসলের বিপক্ষে জয়ে রোনালদো প্রথম গোলটি করেন ম্যাচের ৪৪ মিনিটে। পেনাল্টি থেকে এই গোল করেন তিনি। এরপর ম্যাচে ৭৮ মিনিটে সাদিও মানের ক্রসে দুর্দান্ত এক হেডে রোনালদো করেন নিজের দ্বিতীয় গোল।

এটি চলতি মৌসুমে আল নাসরের হয়ে রোনালদোর ২৫ ম্যাচে ২৩তম এবং এএফসি চ্যাম্পিয়নস লিগে ৫ ম্যাচে ষষ্ঠ গোল।

এই ম্যাচে জোড়া গোলে ক্যারিয়ারের গোলসংখ্যাকে ৯২৩ এ নিয়ে গেলেন রোনালদো। হাজারতম গোলের ঐতিহাসিক মাইলফলক থেকে আর ৭৭ গোল দূরে দাঁড়িয়ে তিনি। বর্তমান ছন্দ ও ফিটনেস ধরে রাখতে পারলে এই লক্ষ্য অর্জন রোনালদোর জন্য মোটেই কঠিন কিছু নয়।

যদিও একই সময়ে প্রকাশিত এক সাক্ষাৎকারে ১০০০ গোল নিয়ে খুব বেশি না ভাবার কথাই বলেছেন রোনালদো। তিনি বলেছেন, ‘যদি আমি এটা পাই, তবে দারুণ ব্যাপার হবে। কিন্তু আমি এটা নিয়ে আচ্ছন্ন হয়ে পড়ছি না। বিষয়টা নিয়ে কথা বলা বিরক্তিকর হয়ে দাঁড়িয়েছে।’

এদিকে জন্মদিনের আগ মুহূর্তে গোল করে ভক্ত-সমর্থকদের নতুন উদ্যাপনও উপহার দিয়েছেন রোনালদো। নতুন এই উদ্যাপনের সময় রোনালদো প্রথমে হাত তুলে বিমান ওড়ার ভঙ্গি করেন এবং তারপর হাতটা নিচের দিকে নামিয়ে আনেন।

সূত্র: ইত্তেফাক

খুলনার সামনে বড় লক্ষ্য দিতে পারেনি রংপুর রাইডার্স

এলিমিনেটরের বাঁচা-মরার ম্যাচে খুলনা টাইগার্সের সামনে বড় লক্ষ্য দিতে পারেনি রংপুর রাইডার্স। খুলনার বোলিং তোপে ৩.১ ওভার বাকি থাকতেই ৮৫ রানে গুটিয়ে যায় রংপুর।

টজ জিতে ব্যাটিংয়ে নেমে রানের খাতা খোলার আগেই উইকেট হারিয়ে বসে রংপুর রাইডার্স। ইনিংসের দ্বিতীয় বলেই জেমস ভিন্সের সঙ্গে ভুল বোঝাবুঝিতে কোনো বল না খেলেই রানআউট হয়ে সাজঘরের পথ ধরেন সৌম্য সরকার।

আরেক ওপেনার ভিন্সও বেশিক্ষণ টিকতে পারেননি। নাসুম আহমেদের বলে তাকেই ক্যাচ দিয়ে ফেরেন ৭ বলে ১ রান করে।
নাসুমের পরের শিকার মেহেদি হাসান। মেহেদিকে বোল্ড করে নিজের দ্বিতীয় শিকার করেন এই স্পিনার।

সাঈফ হাসানকে নেওয়াজের হাতে ক্যাচ বানিয়ে নিজের প্রথম উইকেট নেন মিরাজ। সাইফুদ্দিনকে বোল্ড করেন হাসান মাহমুদ।

একপর্যায়ে ১৫ রানে যখন ৫ উইকেট পড়ে গেলে টিম ডেভিডকে সঙ্গে নিয়ে দলের হাল ধরার চেষ্টা করেন নুরুল হাসান সোহান। কিন্তু মাত্র ৭

রান করেই ফেরেন ডেভিড।

টিকতে পারেননি আন্দ্রে রাসেলও। মাত্র ৪ রান করে নেওয়াজের বলে বোল্ড হয়েছেন ক্যারিবীয় এই ক্রিকেটার। এরপর একে একে ফিরেছেন রাকিবুল হাসান ও নুরুল হাসান সোহানরা। দলটির হয়ে সর্বোচ্চ ৩২ রান করেন আকিব জাভেদ। সোহান করেন ২৩ রান। এ ছাড়া আর কেউই দুই অঙ্কের ঘরে নিতে পারেননি নিজেদের রান।

খুলনার ৪ ওভার বল করে মাত্র ১০ রান খরচায় ৩ উইকেট নেন মেহেদি হাসান মিরাজ। ৩ উইকেট নিয়েছেন নাসুমও। ১টি করে নিয়েছেন নেওয়াজ, হাসান ও মুশফিক।

সূত্র: কালের কণ্ঠ

বিপিএল প্লে-অফ কবে-কখন?

এক মাসেরও বেশি সময় ধরে ৪২টি ম্যাচ শেষে শেষ পর্যন্ত প্লে-অফ পর্বে পৌঁছেছে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল)। সাত দলের মধ্যে থেকে সেরা চার দল এখন শিরোপার লড়াইয়ে টিকে রয়েছে।

ফ্র্যাঞ্চাইজি ভিত্তিক টি-টোয়েন্টি লিগের ১১তম আসরটিতে নানা বিতর্ক থাকলেও মাঠের লড়াই ছিল দারুণ উপভোগ্য। শিরোপার দৌড়ে সবার ওপরে রয়েছে বর্তমান চ্যাম্পিয়ন ফরচুন বরিশাল। লিগ পর্বে শীর্ষে থেকে প্রথম কোয়ালিফায়ারে জায়গা করে নিয়েছে তারা।

প্রথম কোয়ালিফায়ারে বরিশালের প্রতিপক্ষ চিটাগং কিংস। চট্টগ্রামের দলটি শুধু যে সেরা দুইয়ে জায়গা করে নিয়েছে তাই নয়, বরং লিগ পর্বের প্রথম ভাগে আধিপত্য বিস্তার করা রংপুর রাইডার্সকেও পেছনে ফেলেছে তারা।

রংপুর রাইডার্স প্রথম আটটি ম্যাচে জয় পেলেও, শেষ চার ম্যাচে টানা হেরে যায়। ফলে দলটি শেষ পর্যন্ত তৃতীয় স্থান নিয়ে সন্তুষ্ট থাকতে বাধ্য হয় এবং এলিমিনেটর ম্যাচ খেলতে হবে তাদের। সেখানে তাদের প্রতিপক্ষ খুলনা টাইগার্স, যারা দুর্বার রাজশাহীকে টপকে চতুর্থ স্থান নিশ্চিত করেছে।

প্লে-অফ ও ফাইনালের সূচি:

এলিমিনেটর: রংপুর রাইডার্স বনাম খুলনা টাইগার্স

৩ ফেব্রুয়ারি, দুপুর ১:৩০ মিনিট, মিরপুর

প্রথম কোয়ালিফায়ার: চিটাগং কিংস বনাম ফরচুন বরিশাল

৩ ফেব্রুয়ারি, রাত ৬:৩০ মিনিট, মিরপুর

দ্বিতীয় কোয়ালিফায়ার: এলিমিনেটরের বিজয়ী বনাম প্রথম কোয়ালিফায়ারের পরাজিত দল

৫ ফেব্রুয়ারি, রাত ৬:৩০ মিনিট, মিরপুর

ফাইনাল: প্রথম কোয়ালিফায়ারের বিজয়ী বনাম দ্বিতীয় কোয়ালিফায়ারের বিজয়ী

৭ ফেব্রুয়ারি, রাত ৭:০০ মিনিট, মিরপুর।

সূত্র: যুগান্তর

শেষ দিনে যে সমীকরণের সামনে দাঁড়িয়ে বিপিএল

বিপিএলের প্রথম পর্ব প্রায় শেষের পথে, বাকি মাত্র দুটি ম্যাচ। তবে এই দুটি ম্যাচের ওপর নির্ভর করছে চারটি দলের ভাগ্য। কারও লড়াই টিকে থাকার জন্য, আবার কারও জন্য এটা কোয়ালিফায়ারে জায়গা নিশ্চিত করার লড়াই।

আজ মাঠে নামছে ফরচুন বরিশাল ও ঢাকা ক্যাপিটালস, তবে তারা কোনো সমীকরণেই নেই। বরিশাল ইতোমধ্যেই কোয়ালিফায়ারে পৌঁছে গেছে, আর ঢাকার বিদায় আগেই নিশ্চিত হয়ে গেছে।

তবে জমজমাট লড়াই হবে খুলনা টাইগার্স, দুর্বার রাজশাহী, চিটাগং

কিংস ও রংপুর রাইডার্সের মধ্যে। খুলনা ও রাজশাহী মুখোমুখি না হলেও, তাদের ভাগ্য নির্ধারণ হবে আজকের ম্যাচের ফলাফলে। অন্যদিকে চিটাগং কিংস ও রংপুর রাইডার্স লড়বে কোয়ালিফায়ারে জায়গা করে নেওয়ার জন্য।

১২ ম্যাচ শেষে ১২ পয়েন্ট নিয়ে রাজশাহী রয়েছে পয়েন্ট টেবিলের চতুর্থ স্থানে। তাদের ভাগ্য এখন নির্ভর করছে ঢাকা-খুলনা ম্যাচের ওপর। যদি খুলনা জিতে, তবে রাজশাহীর সমান ১২ পয়েন্ট হলেও নেট রান রেটে পিছিয়ে থাকার কারণে বাদ পড়তে হবে রাজশাহীকে। খুলনার বর্তমান নেট রান রেট +০.০৫০, আর রাজশাহীর -১.০৩০। তবে যদি খুলনা হেরে যায়, তাহলে রাজশাহী জায়গা করে নেবে প্লে-অফের এলিমিনেটর রাউন্ডে।

দ্বিতীয় ম্যাচে মুখোমুখি হবে বরিশাল ও চিটাগং। এই ম্যাচে বরিশালের জয় কামনা করবে রংপুর রাইডার্স। কারণ, বরিশাল যদি জেতে, তাহলে কোয়ালিফায়ারে চলে যাবে রংপুর, যেখানে হারলেও ফাইনালে ওঠার আরেকটি সুযোগ থাকবে। অন্যদিকে, চিটাগং যদি বরিশালকে হারায়, তাহলে তারাই কোয়ালিফায়ারে যাবে, আর রংপুরকে নামতে হবে এলিমিনেটরে।

এই ম্যাচে জয় পেলে বিপিএলের ইতিহাসে প্রথমবারের মতো বরিশাল এক আসরে সর্বোচ্চ ২০ পয়েন্ট নিয়ে প্লে-অফে উঠবে। অন্যদিকে, চিটাগংয়ের এলিমিনেটর খেলা নিশ্চিত হলেও কোয়ালিফায়ারে যেতে হলে তাদের আজ জিততেই হবে।

সূত্র: যুগান্তর

বিশাল হারে সিরিজ খোয়ালো বাংলাদেশের মেয়েরা

হার দিয়ে টি-টোয়েন্টি সিরিজ শুরু করেছিল বাংলাদেশ নারী দল। প্রথম ম্যাচে হারের পর দ্বিতীয় ম্যাচেও ওয়েস্ট ইন্ডিজের কাছে পাত্তাই পায়নি টাইগ্রেসরা। ১০৬ রানের বড় ব্যবধানে হেরে একম্যাচ আগেই সিরিজ হাতছাড়া করেছে নিগার সুলতানা জ্যোতির দল।

বৃহস্পতিবার (৩০ জানুয়ারি) অনুষ্ঠিত দ্বিতীয় টি-টোয়েন্টিতে ক্যারিবিয়ানদের বিপক্ষে একদমই লড়াই করতে পারেনি বাংলাদেশের মেয়েরা। টস জিতে স্বাগতিকদের ব্যাটিংয়ে পাঠান টাইগ্রেস অধিনায়ক জ্যোতি।

এই ম্যাচে তিক্ত অভিজ্ঞতাও হয়েছে বাংলাদেশের মেয়েদের। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে বাংলাদেশের বিপক্ষে কোনো দল এই প্রথম ২০০ ছাড়ালো। টাইগ্রেসদের বিপক্ষে আগের সর্বোচ্চ ছিল ১৮৯ রান, ২০২০ টি-টোয়েন্টি বিশ্বকাপে যা করেছিল অস্ট্রেলিয়া।

প্রথমে ব্যাট করতে নেমে কিয়ানা জোসেফ ও ডিয়েন্দ্রা ডটিনের ব্যাটে ভর করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেট হারিয়ে ২০১ রানের বড় সংগ্রহ পায় ওয়েস্ট ইন্ডিজ। কিয়ানা জোসেফ ৩৬ বলে ৬৩ ও ডিয়েন্দ্রা ডটিন করেন ২০ বলে ৪৯ রান।

জবাবে ব্যাট বাংলাদেশের হয়ে ২৫ বলে সর্বোচ্চ ২২ রান করেছেন শারমিন আক্তার। এ ছাড়া দুই অঙ্ক ছুঁতে পেরেছেন আরও তিন ব্যাটার। অধিনায়ক জ্যোতি আজ থেমেছেন মোটে ১০ রান করে। স্বর্ণার ব্যাট থেকে এসেছে দ্বিতীয় সর্বোচ্চ ১৬ রান। নিয়মিত বিরতিতে উইকেট হারিয়ে নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেট হারিয়ে ৯৫ রান সংগ্রহ করতে সক্ষম হয় বাংলাদেশের মেয়েরা।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে ক্রীড়া প্রতিযোগিতা

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজে দুই দিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়”এই স্লোগানকে সামনে রেখে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে বৃহস্পতিবার সকাল ১০ টায় পাইলট গার্লস

স্কুল এন্ড কলেজের আয়োজনে স্কুল মাঠ প্রাঙ্গণে এই ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষকা মোছাঃ ফাহমিদা রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহল।

এসময় তিনি বলেন, তারুণ্যের উৎসব মূলত তরুণদের ভূমিকাকে ফোকাস করা হচ্ছে। আমরা সকলেই জানি তারুণ্য বা তরুণ বয়স আসলে কী? তারুণ্য হল ছলছলে চনমনে বয়স, খেলাধুলার বয়স, লেখা পড়ার বয়স, আমি আশা করব আমার সামনে উপস্থিত প্রতিটি তরুণ তরুণী আজকে যে শপথ বাক্য পাঠ করল এর মাধ্যমে ভালো পথে থেকে নিজের জন্য এবং দেশের জন্য ভালো কিছু করে সমাজ এবং নিজের পিতা মাতার মূখ উজ্জ্বল করবে।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস,এম বজলুর রহমান, উপজেলা একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম,দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের জেলা আহ্বায়ক কমিটির মুখপাত্র তামান্না খাতুন, যুগ্ন- আহবায়ক সিরাজুম মনিরা, সহকারি সিনিয়র শিক্ষিকা নূর জাহান খাতুন, সহকারি সিনিয়র শিক্ষক ইমদাদুল হক, বিপুল কুমার, আবু বক্কর,সহকারী শিক্ষিকা সীমা সুলতানা, রুহানি আক্তার, ফাহারিয়া খাতুন, সহকারী শিক্ষক মোহাম্মদ মনসুর, রফিক উদ্দিন, আক্তার হোসেন, হারুন অর রশিদ, মিকাইল হোসেন প্রমুখ।

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজের আয়োজনে শিক্ষক-শিক্ষার্থী এবং অভিভাবক সদস্যবৃন্দ দিনব্যাপী বিভিন্ন ক্রীড়া ও অ্যাথেলেট, সাংস্কৃতিক, কেরাত, হামদ নাত,দেশাত্মবোধক গান এবং মুক্তযুদ্ধভিত্তিক যেমন খুশি তেমন সাজো প্রতিযোগিতায় অংশগ্রহণ করে নিজেদের যোগ্যতা মেলে ধরেন।

সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন সহকারী শিক্ষক আব্দুর রাজ্জাক।

আরও দুই বিদেশিকে টাকা না দেওয়ার অভিযোগ চিটাগং কিংসের বিরুদ্ধে

বিপিএলে আবারও পারিশ্রমিক বিতর্ক ঘিরে সমালোচনার মুখে চিটাগং কিংস। এর আগে পারভেজ ইমন ইস্যুতে বিতর্কের জন্ম দেওয়া দলটি এবার দুই বিদেশি ক্রিকেটারকে পারিশ্রমিক না দেওয়ার অভিযোগে আলোচনায় এসেছে।

পাকিস্তানের খাজা নাফে ও আফগানিস্তানের জুবাইদ আকবরী এখনো তাদের প্রাপ্য টাকা পাননি। এমনকি দেশে ফেরার বিমান টিকিটও সরবরাহ করা হয়নি বলে জানা গেছে।

ফ্র্যাঞ্চাইজিটির মালিক সামির কাদের চৌধুরী বিষয়টি স্বীকার করেছেন। যদিও তিনি জানিয়েছেন ভিন্ন কথা। তবে দ্রুত পারিশ্রমিক পরিশোধের প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। এক টেলিভিশন সাক্ষাৎকারে তিনি বলেন, ‘নাফেরটা ঠিক আছে। ওর সঙ্গে চুক্তিই হয়েছে সে ক্যাশ নিয়ে যাবে। তাদের সঙ্গে চুক্তিটাই এমন হয়েছে, টুর্নামেন্ট শেষে তোমরা ক্যাশ নিয়ে যাবা। আমি তাদের কীভাবে রাখি, তা আপনারা কল্পনা করতে পারবেন না। তাদের অনেক সম্মান দেওয়া হয়। আমি অসন্তুষ্ট ছিলাম কিছু মন্তব্য নিয়ে, আর কিছু না।’

এমন পরিস্থিতি নতুন নয় চিটাগং কিংসের জন্য। কিছুদিন আগেই শ্রীলঙ্কার বিনুরা ফার্নান্দোর পারিশ্রমিক না দেওয়ার বিষয়টি গণমাধ্যমে উঠে এসেছিল। এরপর জাতীয় দলের ক্রিকেটার পারভেজ ইমনের সঙ্গে আচরণ নিয়ে মালিক সামির কাদের চৌধুরী সমালোচিত হন। এবার নতুন করে দুই বিদেশি ক্রিকেটারের পারিশ্রমিক বিতর্ক বিপিএলের ভাবমূর্তিকে আরও প্রশ্নবিদ্ধ করেছে।

সূত্র: যুগান্তর

কুষ্টিয়ায় ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বলেছেন, ভালো মানুষ এবং সুনাগরিক হতে হলে পড়ালেখার পাশাপাশি খেলাধুলা ও সংস্কৃতিচর্চার কোনো বিকল্প নেই।

মঙ্গলবার (২৬ জানুয়ারি) সকালে কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয় আয়োজিত তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, খেলাধুলা ও সংস্কৃতিচর্চা উন্নত জাতি গঠনে সহায়ক ভূমিকা যেমন রাখে, তেমনি শিশুদের শরীর ও মনকে সতেজ রাখে।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) শামীমা আখতার জাহানের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো: মিজানুর রহমান ও জেলা শিক্ষা কর্মকর্তা মুন্সী কামরুজ্জামান।

এর আগে বিদ্যালয়ের শিক্ষার্থীরা দলীয় সঙ্গীত এবং মনোমুগ্ধকর নৃত্য পরিবেশন করেন। এছাড়াও যেমন খুশি তেমন সাজো অনুষ্ঠানে ২০২৪’র জুলাই অভ্যুত্থানের দৃশ্য ফুটিয়ে তোলা হয়।

ক্রীড়া পরিচালনা করেন সিনিয়র শিক্ষক নাদিরা খানম, সাইদুল ইসলাম। প্রতিযোগিদের বিস্কুট দৌড়, দৌড়, পোষাক পরিধান দৌড়, চামুচ মুখে দৌড়, মোরগ লড়াই, লাফদড়ি খেলা, এক পায়ে দৌড়, গোলক নিক্ষেপ, চাকতি নিক্ষেপ, হ্যানৃড বল, ব্যাডমিন্টন বালিশ বদলসহ মোট ৭০টি ইভেন্টে ৭০০ জন প্রতিযোগি অংশগ্রহণ করে।

এছাড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে বিদ্যালয় প্রাঙ্গন রং বেরঙ্গের বেলুন ফেস্টুন দিয়ে সুসজ্জিত করা হয়।